

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
অধিশাখা-১৩ (কারিগরি-২)  
পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

নং- ৫৭.০০.০০০০.০৫২.৩৩.০০১.১৭(১০)-৪৪০

তারিখঃ ০৯ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ  
২৪ জুলাই, ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয় : ০৪ বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-মেডিকেল টেকনোলজি শিক্ষাক্রমের ২০১৩ প্রবিধানভুক্ত পরীক্ষার্থীদের ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্ব নিয়মিত ৫ম পর্ব অকৃতকার্য বিষয় এবং ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষা-২০১৮ অনুষ্ঠান।

সূত্র: বাকাশিবো:৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৫.১৮-১৩০, তারিখ: ১০/০৭/১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৬/০৭/২০১৮ তারিখ হতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ০৪ বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-মেডিকেল টেকনোলজি শিক্ষাক্রমের ২০১৩ প্রবিধানভুক্ত পরীক্ষার্থীদের ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্ব নিয়মিত ৫ম পর্ব অকৃতকার্য বিষয় এবং ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষা-২০১৮ অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষার সময়সূচি ও কেন্দ্রের তালিকা কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে ([www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)) আপলোড করা আছে। এ কারণে শনিবারেও ট্রেজারি এবং পোস্ট অফিস খোলা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০২। এমতাবস্থায়, ২৬/০৭/২০১৮ তারিখ হতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ০৪ বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-মেডিকেল টেকনোলজি শিক্ষাক্রমের ২০১৩ প্রবিধানভুক্ত পরীক্ষার্থীদের ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্ব নিয়মিত ৫ম পর্ব অকৃতকার্য বিষয় এবং ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষা-২০১৮ অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা ও উপজেলা প্রশাসন প্রয়োজনীয় পরিদর্শক দল (ডিজিটেল টিম) গঠন করবে এবং আইন-শৃঙ্খলা ও নিরাপত্তা বিষয়ে আইন-শৃঙ্খলা রক্ষাবাহিনী প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। উল্লেখ্য, পরীক্ষা সংক্রান্ত দৈনন্দিন তথ্যাদি পরীক্ষা শেষ হওয়ার পরপরই কারিগরি শিক্ষা বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক

------(সকল)।

স্বাঃ/-

( সুবোধ চন্দ্র ঢালী)

উপ-সচিব (কারিগরি-২)

ফোন: ৯৫৮২০৫৫

ই-মেইল: [ds\\_tec2@moedu.gov.bd](mailto:ds_tec2@moedu.gov.bd)

নং - ৫৭.০০.০০০০.০৫২.৩৩.০০১.১৭- ৪৪০ (১০)

তারিখঃ ০৯ আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ  
২৪ জুলাই, ২০১৮ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। বিভাগীয় কমিশনার----- (সকল বিভাগ)
- ২। পুলিশ কমিশনার----- (সকল বিভাগ)
- ৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৪। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ডাক ভবন, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। মাননীয় প্রতিমন্ত্রী'র একান্ত সচিব কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
- ৭। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- ৮। পুলিশ সুপার ----- (সকল)
- ৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, কা: ও মা: শি: বি:, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, ঢাকা।
- ১০। প্রোগ্রামার, কা: ও মা: শি: বি:, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

( সুবোধ চন্দ্র ঢালী)

উপ-সচিব (কারিগরি-২)

ফোনঃ ৯৫৮২০৫৫